

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৬৩

পরিচ্ছেদঃ তাওয়াফে কথাবার্তা বলার বিষয়ে।

باب مَا جَاءَ فِي الْكَلاَم فِي الطَّوَافِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ طَاوُسٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ "الطَّوَافُ حَوْلَ الْبَيْتِ مِثْلُ الصَّلاَةِ إِلاَّ أَنَّكُمْ تَتَكَلَّمُونَ فِيهِ فَمَنْ تَكَلَّمَ فِيهِ فَلاَ يَتَكَلَّمَنَّ إِلاَّ بِخَيْرٍ ". قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُويِ هَذَا الْحَدِيثُ عَنِ ابْنِ طَاوُسٍ وَغَيْرِهِ عَنْ طَاوُسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ مَوْقُوفًا . وَلاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِ عَطَاءِ بْنِ السَّائِبِ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُونَ أَنْ لاَ يَتَكَلَّمَ الرَّجُلُ فِي الطَّوَافِ إِلاَّ لَحَاجَةٍ أَوْ بِذِكْرِ اللَّهِ تَعَالَى أَوْ مِنَ الْعِلْمِ .

বাংলা

৯৬৩. কুতায়বা (রহঃ) ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বায়তুল্লাহর চারদিকে তাওয়াফ করা সালাত (নামায/নামাজ) আদায় করার মতই। তবে সালাতে তোমরা কথা বলতে পার না কিন্তু এতে কথা বলতে পার। সুতরাং এ সময় ভাল কথা ছাড়া কিছু বলবে না। - ইরওয়া ১২১, মিশকাত ২৫৭৬, তা'লীকুর রাগীব ২/১২১, তা'লীক আলা ইবনু খুয়াইমাহ ২৭৩৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৬০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু তাউস প্রমুখ থেকে ইবনু আব্বাস (রাঃ) এটি মাওকুফরূপে বর্ণিত আছে। আতা ইবনু সাইব ছাড়া আর কোন সূত্রে এটি মারফুরূপে রিওয়ায়াত আছে বলে আমাদের জানা নাই অধিকাংশ আলিমের এই হাদিস অনুসারে আমল রয়েছে। বিশেষ কোন প্রয়োজন, আল্লাহর যিকর ও ইলম অর্জনমূলক কথা ছাড়া তাওয়াফের সময় অন্য কোন ধরনের কথা না বলা মুস্তাহাব বলে তা মনে করেন।

English

Ibn Abbas narrated that:

the Prophet said: "Tawaf around the House is similar to Salat except that you



talk during it. So whoever talks in it, then let him not say but good."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন